

রাবিতে বিজয় ফিষ্টের খাবার খেয়ে ৮৩ শিক্ষার্থী অসুস্থ

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



জুলাই গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তি উপলক্ষে আয়োজিত ‘বিজয় ফিষ্টের’ খাবার খেয়ে একটি হলের ৮৩ জন শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েছেন। এ ঘটনায় দুই সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেছে হল প্রশাসন।

মঙ্গলবার (৫ আগস্ট) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিজয়-২৪ হলের খাবার খেয়ে শিক্ষার্থীরা অসুস্থ হয়ে পড়েন। অসুস্থ শিক্ষার্থীদের মাঝে খাবার স্যালাইন বিতরণ করেছে কর্তৃপক্ষ।

বিষয়টি নিশ্চিত করে বিজয় চব্বিশ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক জামিরুল ইসলাম বলেন, ‘বিজয় ফিষ্টের খাবার খেয়ে হলের ৮৩ জন শিক্ষার্থী অসুস্থ হয়েছেন। কারো গ্যাস্ট্রিক ও কারো ফুডপয়জনজনিত সমস্যা হয়েছে। তবে সবাই আশঙ্কামুক্ত। সবাইকে খাবার স্যালাইন দেওয়া হয়েছে।

এ ছাড়া ঘটনা তদন্তে দুই সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।’

বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, গতকাল মঙ্গলবার চব্বিশের ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তি উপলক্ষে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোতে বিজয় ফিস্টের আয়োজন করা হয়। আবাসিক ও অনাবাসিক শিক্ষার্থীরা ৫০ টাকা ফি দিয়ে টোকেন সংগ্রহ করে এই খাবার খেয়েছেন। খাবারের নিম্নমান নিয়ে গতকাল সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ক্ষোভ প্রকাশ করেন অনেক শিক্ষার্থীরা।

আজ বিজয় চব্বিশ হলের বেশকয়েকজন শিক্ষার্থী অসুস্থ হয়েছেন বলে ফেসবুকে জানান। এরপরই আলোচনা-সমালোচনা শুরু হয়।

বিজয়-২৪ হলের ১৩২ নম্বর কক্ষের আবাসিক শিক্ষার্থী সাগর আহসান বলেন, ‘খাবার খাওয়ার পর পেটে ব্যথা অনুভব করি। রাতেও খাবার খেতে পারি নাই। পরে সকালে মেডিক্যাল গিয়ে চিকিৎসা নিয়েছি।

,

হলের ৪২১ নম্বর আবাসিক শিক্ষার্থী অর্পণ ধর বলেন, ‘আমাদের কক্ষের আমিসহ তিনজনই বিজয় ফিস্টের খাবার খেয়ে অসুস্থ হয়ে পড়েছি। এখন পর্যন্ত ৫-৬ বার টয়লেটে গিয়েছি। সকালে গিয়ে বিশ্ববিদ্যালয় মেডিক্যাল সেন্টার থেকে ওষুধ নিয়ে এসেছি।’

বিশ্ববিদ্যালয় চিকিৎসা কেন্দ্রের প্রধান চিকিৎসক মাফরুহা সিদ্দিকা
লিপি বলেন, ‘আজকে আমি ডিউটিতে ছিলাম না। দায়িত্বরত
তিনজন চিকিৎসক আজকে রোগী দেখেছেন। তাদের সঙ্গে কথা
হয়েছে। পেটের সমস্যার কারণে আনুমানিক ১৫ জন শিক্ষার্থী
চিকিৎসা নিয়েছেন।’